# দৈনিক ইত্তেফাক

APR 03 2001
পৃষ্ঠা ৭ কলাম ৬

## রাজশাহী ভার্সিটি শিক্ষককে পরীক্ষকের পদ হইতে বহিষ্কারের সুপারিশ

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। গত বৃহস্পতিবার রাজশাহী বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একাডেমিক কমিটি এই বিভাগের একজন শিক্ষককে ৫ বছরের জন্য পরীক্ষকের পদ হইতে বহিষ্কারের সুপারিশ করিয়াছে। বিভাগীয় বিভিন্ন শিক্ষক সূত্রে জানা গিয়াছে, বিভাগীয় কার্যক্রমে অসহযোগিতা ও উচ্ছৃঙ্খল আচরণের অভিযোগে এই শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশ করা হইয়াছে।

বিভাগের কোন কোন শিক্ষক জানান, বিভাগের দুর্নীতি সংক্রান্ত একটি সংবাদ ছাপা হইলে এই তথ্য ক দিয়াছে উহা উদঘাটনের জন্য তদন্ত কমিটি গঠন করা হয়। তাতে বিভাগের সহকারী অধ্যাপক তারেক ম তৌফিকুর রহমানের বিরুদ্ধে অভিযোগ আনিয়া কারণ দর্শাও নোটিস দেওয়া হয় এবং বিভাগীয় একাডেমিক কমিটিতে সংখ্যাগরিষ্ঠের সম্মতিতে তাহাকে উপরোক্ত শাস্তি দান করা হয়।

বিষয়টি এখন সিন্ডিকেটে বিচারাধীন। এব্যাপারে অভিযুক্ত শিক্ষকের সহিত যোগাযোগ করা হইলে তিনি মন্তব্য করিতে অস্বীকৃতি জানান।